23

দৈনিক ইত্তেফাক

তারিখ 0 3 MAR 1987 পৃষ্ঠা 1 কলাম 5

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন কেন্দ্র

# রাজধানীতে ৫০টি চারতলা প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হইবে

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, ভর্তি সমস্যা দূরীকরণে সরকার চলতি পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে রাজধানী এলাকায় মোট ৫০টি চারতলা প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করিবে। তিনি বলেন, রাজধানীর দুঃস্থ শিশুদের মধ্যে শিক্ষার আলো বিস্তারের উদ্দেশ্যে চলতি অর্থ বছরে মহানগরীর বস্তি এলাকায় চারটি প্রাথমিক বিদ্যা-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ৫০টি প্রাথমিক বিদ্যালয়

(১ম পৃঃ পর)

লয় প্রতিষ্ঠা করা হইবে। শিক্ষামন্ত্রী গতকাল (সোমবার) বিকালে মহানগরীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। স্কুলটির জমি সংক্রান্ত বিরোধের ব্যাপারে শিক্ষামন্ত্রী জমির স্বত্বাধিকারীদের প্রতি স্কুলের জন্য জমি প্রদানের বিষয়টি বিবেচনা করার অনুরোধ জানান। তিনি আরো বলেন, স্কুল এলাকার মধ্যে একটি কলেজ প্রতিষ্ঠা করা হইবে। স্কুলের প্রধান শিক্ষিকা মিসেস সালেহা খাতুনের সভানেত্রীত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুলের পরিচালনা পরিষদের সভাপতি আবদুল কাদের।